গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও ,শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

২০১৩-২০১৪ শিক্ষা বর্ষে সরকারী পলিটেকনিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে

ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট এবং বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট, কুমিল্লা-এ ০৪ (চার) বছর মেয়াদী **ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং** শিক্ষাক্রমে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে প্রতিটি প্রতিষ্ঠানের বিপরীতে উল্লেখিত টেকনোলজি ও আসন সংখ্যা অনুযায়ী ছাত্র/ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। ভর্তি কার্যক্রম কেন্দ্রীয়ভাবে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালনা করা হবে।

১.০ ভর্তি কর্মসূচীঃ

অন-লাইনে আবেদন ফরম পূরণের সময়সীমা	বৈধ প্রার্থীদের তালিকা (পরীক্ষা কেন্দ্রের নামসহ) ওয়েবসাইটে প্রকাশ	ওয়েব সাইট হতে বৈধ প্রার্থীদের প্রবেশ পত্র সংগ্রহের সময়সীমা	লিখিত পরীক্ষার তারিখ ও সময়	ওয়েবসাইট ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফলাফল প্রকাশ	ভর্তির সময়সীমা		ক্লাস শুরুর তারিখ
					মূল মেধা তালিকা হতে	অপেক্ষমান তালিকা হতে	
২৯/০৫/২০১৩ হতে ১২/০৬/২০১৩ (রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত)	১৭/০৬/২০১৩ বিকাল ৫:০০ ঘটিকায়	১৭/০৬/২০১৩ বিকাল ৫:০০ ঘটিকা হতে ২১/০৬/২০১৩ সকাল ৮:০০ ঘটিকা পর্যন্ত	২১/০৬/২০১৩ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা	২৬/০৬/২০১৩ বিকাল ৫.০০ ঘটিকা	২৮/০৬/২০১৩ হতে ০২/০৭/২০১৩	০৬/০৭/২০১৩ হতে ১৪/০৭/২০১৩ পর্যন্ত	১৯/১০/২০১৩

২.১ ভর্তির যোগ্যতাঃ
২০১১, ২০১২, ২০১৩ সালে এস.এস.সি/সমমান পরীক্ষায় সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জিপি ৩.০০ সহ ন্যূনতম ৩.৫০ জিপিএ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাছাড়া এসএসসিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীরাও (আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখে বয়স অনুর্ধ্ব ২২ বছর) আবেদন করতে পারবে।

৩.০ **ভর্তির আবেদন ফরম পূরনের পদ্ধতি ও নিয়মাবলী ঃ**

৩.১ ভর্তিচ্ছু সকল প্রার্থীকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট **www.techedu.gov.bd** এ লগ ইন করে ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত আবেদন ফরম (Application form) যথাযথভাবে পূরণ করতে হবে। তবে উপজাতি, মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এবং ০২ বছর মেয়াদী ট্রেড কোর্সধারী আবেদনকারীদেরকে নির্ধারিত ফরমে আবেদন করার পর তার প্রিন্ট আউট কপিসহ অনুচ্ছেদ ৫.৪ এ বর্ণিত সকল কাগজপত্রাদি ১২/০৬/২০১৩ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে অত্র অধিদপ্তরে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় তাঁর কোটা বিবেচিত হবে না। **(ভর্তির ফরম পূরণের বিস্তারিত নিয়মাবলী কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট হতে প্রিন্ট-আউট নেয়া যাবে।)**

আবেদন ফরম পূরণের ধাপঃ

- Home page হতে **On-line Admission (1st shift)** বাটনে ক্লিক করে Application form Open করতে হবে।
- স্ক্রীনে প্রদর্শিত Application form এ চাহিদা মোতাবেক তথ্যাদি লিপিবদ্ধ/নির্বাচন (entry/selection) করতে হবে।
- Application form পূরণ শেষে **Submit** বাটনে ক্লিক করে ফিরতি message এর প্রিন্ট-আউট নিতে হবে। উক্ত প্রিন্ট-আউট এ প্রদত্ত Track Number ভর্তি পরীক্ষার রোল নং হিসেবে বিবেচিত হবে। কোন কারণে Track Number সহ ফিরতি message প্রিন্ট আউট নিতে ব্যর্থ হলে পুণরায় একইভাবে Application form পূরণের চেষ্টা করতে হবে।
- ফিরতি message অনুযায়ী ২৪ ঘন্টার মধ্যে ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জমা দিতে হবে।

৩.২ **ফি জমা দেয়ার পদ্ধতিঃ** টেলিটকের Prepaid মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে DTE লিখে,স্পেস দিয়ে শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে,স্পেস দিয়ে এসএসসি (SSC) পরীক্ষার রোল নম্বর লিখে,স্পেস দিয়ে এসএসসি পাসের সন লিখে স্পেস দিয়ে এস,এস,সি'র রেজিস্ট্রেশন নম্বর লিখে 16222 নম্বরে এসএমএস (SMS) করতে হবে।

উদাহরণঃ DTE<Space> XXX<Space >YYYYYY<Space>ZZZZ <Space>RRRRRR

এখানে, **XXX** এর স্থলে আবেদনকারী যে বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, সে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখতে হবে। যেমন, ঢাকা বোর্ডের বেলায় (DHA), সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদ্রাসা (MAD), কারিগরি (BTE) লিখতে হবে। **YYYYYY** এর স্থলে আবেদনকারীর এসএসসি পাসের রোল নম্বর ও ZZZZ এর স্থলে এসএসসি পাসের সন লিখতে হবে এবং **RRRRRR** এর স্থলে এসএসসি'র রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

SMS-প্রেরণকারী আবেদনের যোগ্য হলে ফিরতি SMS-এ একটি **PIN** নম্বর, প্রার্থীর নাম, পিতার নাম এবং পরীক্ষার ফি হিসেবে ২০০/-(দুইশত) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেয়া হবে। **প্রার্থীকে তার নাম, পিতার নাম ইত্যাদি অত্যন্ত মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে।** সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। **উদাহরণঃ DTE<Space>YES<Space>PIN<Space>Your Mobile Number.**

PIN নম্বরটি সঠিকভাবে লিখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে একটি **Money receipt** নম্বরসহ ফিরতি SMS দেয়া হবে। **উল্লেখ্য যে, Money receipt নম্বর ও PIN নম্বরটি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।**

৩.৩ একজন প্রার্থী তাঁর পছন্দের প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান যেসব টেকনোলজিতে ভর্তি হতে ইচ্ছুক তা তাকে **প্রতিষ্ঠান-টেকনোলজি** ভিত্তিক পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে হবে।
উদাহরণঃ **ঢাকা-সিভিল, ঢাকা-ইলেকট্রিক্যাল, কুমিল্লা-সিভিল, কুমিল্লা-ইলেকট্রিক্যাল এভাবে সর্বোচ্চ ১৫ (পনের) টি অপশন নির্বাচন করা যাবে।**

৩.৪ আবেদনপত্র Submit করার পরে একজন প্রার্থী আবেদন পত্র পূরণের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে কেবলমাত্র একবার এটি সংশোধনের সুযোগ পাবে।

৩.৫ মেধা, কোটা ও আবেদন পত্রে প্রদত্ত পছন্দের ক্রমানুসারে **ইনস্টিটিউট-টেকনোলজি** ভিত্তিক ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

৩.৬ প্রার্থী বাছাইয়ের জন্য MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা নেয়া হবে। লিখিত পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর বন্টনঃ বাংলা-৭, ইংরেজী-৭, গণিত-১৫, বিজ্ঞান-১৫, সাধারণ জ্ঞান-৬, মোট-৫০ নম্বর।

৩.৭ **লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র ও এসএসসি/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড (ফটোকপি গ্রহনযোগ্য হবে না) সঙ্গে আনতে হবে। এসএসসি'র মূল রেজিস্ট্রেশন কার্ড ছাড়া কোন প্রার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না।**

৩.৮ ভর্তির জন্য নির্বাচিত ছাত্র/ছাত্রীদের ভর্তি সংক্রান্ত তথ্যাদি **২৬/০৬/২০১৩** তারিখে অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪.০ **মেধা তালিকা প্রণয়নের ভিত্তি ঃ**

৪.১ (ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ কে ১০ দ্বারা গুণ করে প্রাপ্ত নম্বর এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হবে।
(খ) সমান নম্বর পাওয়া প্রার্থীদের বাছাইয়ের ক্ষেত্রে পর্যায়ক্রমে সাধারণ গণিত অথবা উচ্চতর গণিত/জীব বিজ্ঞান,ইংরেজী,পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিজ্ঞান বিষয়ে বেশী পয়েন্ট পাওয়া প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
(গ) দফা (খ) অনুসারে সমস্যার সমাধান না হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পারস্পরিক মেধাক্রমের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

৫.০ **ভর্তির বিশেষ নীতিমালা ঃ**

৫.১ ভর্তির জন্য মেধা ও কোটা ভিত্তিক মোট আসন সংখ্যার সমসংখ্যক একটি মুল তালিকা এবং একটি অপেক্ষামান তালিকা প্রণয়ন করা হবে।

৫.২ মূল তালিকা থেকে ভর্তির জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে আসন সংখ্যা পূরণ না হলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের তাদের মেধা ও পছন্দের ক্রমানুসারে অটো মাইগ্রেশন **(প্রতিষ্ঠান-টেকনোলজি)** শেষে শূন্য আসনে অপেক্ষমান তালিকা হতে সময়সূচী অনুযায়ী কোটা ও মেধার ক্রমানুসারে ভর্তি করা হবে।

৫.৩ সংরক্ষিত কোটা ঃ মহিলা-১০%, এসএসসি(ভোক)-১৫%, উপজাতি আবেদনকারীদের-ঢাকা, চট্টগ্রাম, বাংলাদেশ-সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের প্রতিটিতে ৪টি করে ও অন্যান্য পলিটেকনিক ইনস্টিটিউটে ২টি করে এবং মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের প্রতি টেকনোলজিতে প্রতি গ্রুপে ২টি করে আসনে মেধা ও আবেদন ফরমে বর্ণিত পছন্দের ভিত্তিতে কোটা সংরক্ষণ করে ভর্তি করা হবে। এসএসসি সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স পাস প্রার্থীদের ট্রেড কোর্সে প্রাপ্ত নম্বরের শতকরা ২৫ ভাগ ও এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা ২৫ ভাগ উভয় পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরকে ৫০ এর মধ্যে রূপান্তর করে এবং লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা নির্ধারণ করা হবে এবং তাদেরকে ৫% সংরক্ষিত আসনে ভর্তি করা হবে।

৫.৪ কোটা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (নির্ধারিত সময়সীমার মধ্যে অধিদপ্তরে প্রেরিতব্য)ঃ (ক) উপজাতি আবেদকারীদের উপজাতীয়তা প্রমাণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র, (খ) মুক্তিযোদ্ধা সন্তানদের/সন্তানের সন্তানদের সনাক্তকরনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র (গ) এসএসসি সহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড কোর্স ধারীদের সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদনকারীর Track Number উল্লেখ করে একটি আবেদনপত্র নির্ধারিত সময়সীমার মধ্যে ডাক যোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে অত্র অধিদপ্তরে পৌছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় তাঁর কোটা বিবেচিত হবে না। **(সংরক্ষিত আসন কোটা ভিত্তিক পূরণের পর কোন আসন শূণ্য থাকলে তা সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।)**

৫.৫ ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের মধ্যে কেউ ক্লাস শুরুর ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে অনুপস্থিত থাকলে তাঁর ভর্তি বাতিলকরতঃ উক্ত শূণ্য আসনে পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নির্বাচিত ও ভর্তিচ্ছুদের তালিকা হতে মেধার ক্রমানুসারে পুরণ করা হবে।

৫.৬ ড্রপ আউট বিবেচনা করে প্রত্যেক টেকনোলজির জন্য নির্দিষ্ট আসন সংখ্যার সর্বাধিক ২০% অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

৫.৭ নীতিমালার চূড়ান্ত ব্যাখ্যা প্রদানের ক্ষমতা কারিগরি শিক্ষা অধিদপ্তর সংরক্ষণ করে।

বিঃদ্রঃ **অনলাইনে আবেদন ফরম পূরণ, ছবি সংযোজন, টেলিটকের মাধ্যমে আবেদন ফি প্রেরণ ইত্যাদি বিষয়গুলো প্রার্থী নিজ দায়িত্বে করবে, এ বিষয়ে কোন সাইবার ক্যাফে/ দোকান/ ফ্লাক্সিলোড প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতারিত হলে অত্র অধিদপ্তর দায়ী থাকবে না।**

৬.০ শিক্ষা প্রতিষ্ঠানের নাম, টেকনোলজি ও আসন সংখ্যা

(সাধারণত প্রতি টেকনোলজিতে আসন সংখ্যা-৪০, কম/বেশি আসন সংখ্যার ক্ষেত্রে টেকনোলজির পার্শ্বে আসন সংখ্যা বর্ণিত)

১। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-১৬০,কম্পিউটার,ইলেকট্রিক্যাল-৮০, আর্কিটেকচার,মেকানিক্যাল-৮০,কেমিক্যাল, অটোমোবাইল, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ফুড, এনভায়রনমেন্টাল, ইলেকট্রনিক্স

২। ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
আর্কিটেকচার, ইলেকট্রোমেডিক্যাল, কম্পিউটার, ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, ইলেকট্রনিক্স

৩। ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার , ইলেকট্রিক্যাল-৮০, ইলেকট্রনিক্স,মেকানিক্যাল,কম্পিউটার, ইলেকট্রোমেডিক্যাল

৪। ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল,পাওয়ার , ইলেকট্রিক্যাল, কম্পিউটার, মেকানিক্যাল, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

৫। টাংগাইল পলিটেকনিক ইনস্টিটিউট
ইলেকট্রিক্যাল,কম্পিউটার, কনষ্ট্রাকশন, ইলেকট্রনিক্স, টেলিকমিউনিকেশন

৬। চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার , ইলেকট্রিক্যাল-৮০, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল-৮০, কম্পিউটার, এনভায়রনমেন্টাল

৭। কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার , ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার

৮। ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, পাওয়ার , ইলেকট্রিক্যাল, কম্পিউটার, মেকানিক্যাল, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন

৯। বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই
সিভিল (উড)-২০, মেকানিক্যাল-২০, ইলেকট্রিক্যাল-২০, অটোমোবাইল-২০, কম্পিউটার , কনষ্ট্রাকশন

১০। রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, পাওয়ার , ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার, মেকাট্রনিক্স, ইলেকট্রোমেডিক্যাল

১১। বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার , ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার, মাইনিং এন্ড মাইন সার্ভে, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

১২। পাবনা পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, পাওয়ার , কম্পিউটার, এনভায়রনমেন্টাল, কনষ্ট্রাকশন

১৩। রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার ,ইলেকট্রিক্যাল,ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার, ইলেকট্রোমেডিক্যাল

১৪। দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, পাওয়ার , ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, কম্পিউটার, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন

১৫। খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার , ইলেকট্রিক্যাল-৮০, মেকানিক্যাল, কম্পিউটার, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল, ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল

১৬। যশোর পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, পাওয়ার , ইলেকট্রিক্যাল,ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার, টেলিকমিউনিকেশন

১৭। কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, পাওয়ার , ইলেকট্রনিক্স, কম্পিউটার

১৮। বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০, পাওয়ার ,ইলেকট্রিক্যাল,ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার, ইলেকট্রোমেডিক্যাল

১৯। পটুয়াখালী পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল, ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল, কম্পিউটার, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

২০। সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট
সিভিল-৮০,পাওয়ার , ইলেকট্রিক্যাল, কম্পিউটার, মেকানিক্যাল, ইলেকট্রনিক্স, ইলেকট্রোমেডিক্যাল

২১। গ্রাফিক আর্টস ইনস্টিটিউট
গ্রাফিক্স ডিজাইন, প্রিন্টিং

২২। ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক
সিরামিক-৮০, গ্লাস

২৩। বাংলাদেশ সার্ভে ইনষ্টিটিউট, কুমিল্লা
ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং (সার্ভে)

২৪। চট্টগ্রাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, গামেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন, ইলেকট্রনিক্স

২৫। ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী
কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন এন্ড নেটওয়াকিং,

২৬। কুড়িগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, কন্সট্রাকশন, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন

২৭। নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার,ফুড, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন, এনভায়রনমেন্টাল

২৮। ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউট
রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, কম্পিউটার, ফুড, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন

২৯। সাতক্ষীরা পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, এনভায়রনমেন্টাল

৩০। ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল, সিভিল

৩১। সিরাজগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, সিভিল, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

৩২। ভোলা পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, সিভিল, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

৩৩। বরগুনা পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল

৩৪। নরসিংদী পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং সিভিল, ফুড

৩৫। মাগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট
রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, কম্পিউটার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল

৩৬। খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল

৩৭। রাজশাহী মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
ইলেকট্রনিক্স, কম্পিউটার, ইলেকট্রোমেডিক্যাল আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন

৩৮। চাঁদপুর পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, কন্সট্রাকশন

৩৯। শরীয়তপুর পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, টেলিকমিউনিকেশন

৪০। ব্রাহ্মনবাড়ীয়া পলিটেকনিক ইনস্টিটিউট
রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, কম্পিউটার আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন, ইলেকট্রমেডিক্যাল

৪১। হবিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার,সিভিল, ইলেকট্রনিক্স, আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন

৪২। শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, সিভিল, ইলেকট্রনিক্স, এনভায়রনমেন্টাল

৪৩। কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, সিভিল, ফুড, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

৪৪। গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, ফুড, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং

৪৫। লক্ষীপুর পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, সিভিল, আর্কিটেকচার এন্ড ইনটেরিয়র ডিজাইন

৪৬। মুন্সিগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন এন্ড প্রসেস কন্ট্রোল, ইলেকট্রোমেডিক্যাল

৪৭। চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, কম্পিউটার ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল

৪৮। কিশোরগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ফুড, রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, ইলেকট্রনিক্স

৪৯। মৌলভীবাজার পলিটেকনিক ইনস্টিটিউট
কম্পিউটার, ইলেকট্রনিক্স

(আ, ন, ম, সালাহ উদ্দিন খান)
পরিচালক (পিআইইউ)
ফোন-৯১১০৯৩৮ ।

GD-2097

BANGLADESH ORDNANCE FACTORIES (BOF)
GAZIPUR CANTONMENT, GAZIPUR-1703
Phone: 9204613/4802 FAX: 880-2-9204633
web: www.bof.gov.bd, e-mail: procurement_bof@yahoo.com

Re-Tender Notice

1. Sealed tenders in prescribed form are invited from bona-fide manufacturers/local agents/importers/ suppliers for supply of the following items:

Sl. No	Nomenclature & Quantity	Last date of selling tender form	Date of dropping & opening tender	Currency	Price of tender form	Tender No.& date
(a)	(b)	(c)	(d)	(e)	(f)	(g)
01	Zinc Nitrate 300 kg	17 June 2013 1300 hrs	18 June 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Local	Tk.300/- (Non refundable)	23.04.0000.166.295(1).4856.12.13 dt- 18-5-2013
02	Barrel Chrome Plating Fixture	17 June 2013 1300 hrs	18 June 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Local	Tk.500/- (Non refundable)	23.04.0000.166.269.4856.12.13 dt- 11-5-2013
03	GMCS Strip(0.99) Qty- 100000 kg	1 July 2013 1300 hrs	2 July 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Foreign	Tk.5000/- (Non refundable)	23.04.0000.167.254.4856.12.13 dt- 5-5-2013
04	Propellant for Loading Ball & Tracer T-56 and Propellant for Blank Carts T-53 Qty-30000 kg & 3000 kg	1 July 2013 1300 hrs	2 July 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Foreign	Tk.5000/- (Non refundable)	23.04.0000.167.256.4856.12.13 dt- 6-5-2013
05	Piston pump with 2 items	17 June 2013 1300 hrs	18 June 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Local	Tk.500/- (Non refundable)	23.04.0000.166.162.4856.12.13 dt- 25-5-2013
06	Cold drawn Steel rod (steel core) Qty. 24794 kg	17 June 2013 1300 hrs	18 June 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Local	Tk.750/- (Non refundable)	23.04.0000.166.172.4856.12.13 dt- 25-5-2013
7	CNC Flute Cutting Machine -01 No	22 July 2013 1300 hrs	23 July 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Foreign	Tk.5000/- (Non refundable)	23.04.0000.167.135.(ii).6813.12.13 dt- 4-5-2013
8	High Density Polyethylene (HDPE)-10,000 kg	1 July 2013 1300 hrs	2 July 2013 Dropping-1200 hrs Opening-1205 hrs	Local	Tk.750/- (Non refundable)	23.04.0000.166.288(i).4856.12.13 dt- 25-05-2013

2. Supplier enlisted at BOF, DGDP and any other defence organization, who have security clearance will only be eligible to participate in the above tenders.

3. Tender forms with detail specifications and terms & conditions will be available in the auditorium of BOF on all working days between 9 AM to 1 PM .

4. Commandant, BOF reserves the right to reject any or all the tenders without any reason thereof.

Deputy Director Material
For Commandant

GD-2136

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পরিচালক (পুলিশ সুপার) এর কার্যালয়
ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩, বন্দর লেবার কলোনী, নিউমুরিং, চট্টগ্রাম।

দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০১৩-২০১৪(সরবরাহ) তারিখ-২১/৫/২০১৩খ্রিঃ।

The public procurement Regulation-2008 – অনুযায়ী পরিচালকের কার্যালয় ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩, চট্টগ্রাম ইউনিটের দেশী মশুর ডাল, সয়াবিন তৈল-২০১৩-২০১৪ সালের(প্রথম কোয়াটার্স), ২০১৩-২০১৪ সালের ০১(এক) বৎসরের জন্য বিভাগীয় ভান্ডারের মালামাল ও ব্যান্ড(বাদক) দলের সরঞ্জামাদী ক্রয়, ষ্টেশনারী মালামাল, পোশাক সেলাই, কুলি ভাড়াসহ পরিবহন, গম মিলিং, পোলাও চাল এবং মটরযান শাখার খুচরা যন্ত্রাংশ, টায়ার-টিউব ও ব্যাটারী সংগ্রহকরণ, বিভিন্ন ধরণের বস্তা নিলামে বিক্রয়, কম্পিউটার সামগ্রী, কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়, বইপত্র ও সাময়িকী, চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ এবং আসবাবপত্র সরবরাহ কাজের ঠিকাদার নিয়োগের লক্ষ্যে সরবরাহকারী ঠিকাদারের নিকট হইতে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

১.	মন্ত্রণালয়	ঃ	স্বরাষ্ট্র মন্ত্রনালয়
২.	সংস্থা	ঃ	বাংলাদেশ পুলিশ।
৩.	দরপত্রের বিষয়	ঃ	ইন্ডাস্ট্রিয়াল পুলিশ-৩, চট্টগ্রাম ইউনিটের দেশী মশুর ডাল, সয়াবিন তৈল, কুলি ভাড়াসহ পরিবহন, গম মিলিং, পোলাওর চাল, বিভাগীয় ভান্ডারের মালামাল ও ব্যান্ড(বাদক) দলের সরঞ্জামাদী ক্রয়, ষ্টেশনারী মালামাল, পোশা